



নং-৫২.০০.০০০০.০০৭.১২.০৭৬ (অংশ-২).১৯-৩৬

১২ ফাল্গুন, ১৪২৬
তারিখঃ -----
২৫ ফেব্রুয়ারি, ২০২০

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ০৮/১২/২০১৯ তারিখের ৮০.০০.০০০০.১০৮.১১.০১৯.১৮-২৫০ নং স্মারকের সুপারিশক্রমে এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯ এর আলোকে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুসারে ১৬,০০০-৩৮,৬৪০/- বেতনক্রমে (গ্রেড-১০) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর “সহকারী কার্টোগ্রাফার” পদে নিয়োক্ত ০২(দুই) জন প্রার্থীকে শূন্য পদের বিপরীতে অস্থায়ীভাবে নিম্নবর্ণিত শর্তে নিয়োগ প্রদান করা হলোঃ

ক্র: নং	নাম, পিতা ও মাতার নাম	নিজ জেলা	স্থায়ী ঠিকানা	রেজিঃ নম্বর
০১	জনাব এস.এম আশিকুর রহমান পিতা: মরহুম মশিয়ার রহমান মাতা: মোসা: ফরিদা ইয়াছমিন	যশোর	স্থায়ী ঠিকানা: বাড়ি নং-১৩৬৩, ওয়ার্ড নং-৬, রোড: নওয়াপাড়া কলেজ রোড, গ্রাম: গুয়াখোলা, ডাকঘর: নওয়াপাড়া, থানা/উপজেলা: অভয়নগর, জেলা: যশোর।	০৪৯৮৬১
০২	জনাব বিশ্বজিৎ কুমার পিতা: দুলাল কৃষ্ণ ঘোষ মাতা: পারুলি রানী	মাগুরা	স্থায়ী ঠিকানাঃ বাড়ি নং-৩৩৬, গ্রাম: বাঁশো ডাকঘর: বাবুখালী, থানা/উপজেলা: মহাম্মাদপুর, জেলা: মাগুরা।	০৪৪৯৪৪

শর্তসমূহ:

- (০১) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে আগামী ২৮ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ/১২ মার্চ ২০২০ খ্রিষ্টাব্দের মধ্যে সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ বরাবর যোগদান করতে হবে;
- (০২) নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা নির্ধারিত তারিখের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে নিয়োগে আগ্রহী নয় বিবেচনায় তাঁর নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে;
- (০৩) নিয়োগপ্রাপ্ত কর্মকর্তার চাকরির প্রথম দু'বছর শিক্ষানবিসকাল (Probation) হিসেবে গণ্য হবে। সাফল্যজনকভাবে শিক্ষানবিসকাল সমাপ্ত হওয়ার পর চাকরি স্থায়ীকরণের বিষয়ে সরকার পরবর্তীতে বিবেচনা করবে এবং এ বিষয়ে যথাসময়ে ও প্রয়োজ্য ক্ষেত্রে পৃথক সরকারি আদেশ জারি করবে;
- (০৪) শিক্ষানবিসকালে তাঁদের চাকরি সন্তোষজনক বলে বিবেচিত না হলে সরকার কোন প্রকার কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁদেরকে চাকরি হতে অপসারণ করতে পারবে;
- (০৫) নিয়োগপ্রাপ্ত প্রার্থীর যোগ্যতার ঘাটতি যে কোন সময় ধরা পড়লে বা প্রার্থী দুর্নীতি বা জালিয়াতির আশ্রয় গ্রহণ করলে বা অসত্য তথ্য প্রদান করলে বা অন্য কোনো ক্ষেত্রে যেমন চাহিদাকৃত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা কোনো গুরুতর (Substantive) ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তাঁদের নিয়োগ বাতিল বলে গণ্য হবে। চাকরিতে নিয়োগের পর এরূপ কোনো তথ্য প্রকাশিত বা প্রমাণিত হলে তাঁদেরকে চাকরি হতে বরখাস্তকরণ ছাড়াও তাঁদের বিরুদ্ধে প্রশাসনিক ও ফৌজদারি আইনে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা যাবে;
- (০৬) মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগপ্রাপ্তদের মুক্তিযোদ্ধা সনদ পরবর্তীতে যাচাই-বাছাইকালে মিথ্যা বা জাল প্রমাণিত হলে তাৎক্ষণিকভাবে তাঁদের নিয়োগ বাতিল হবে এবং তাঁদের বিরুদ্ধে ফৌজদারি মামলা দায়ের করা হবে;
- (০৭) নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাকে দেশের যে কোন স্থানে এবং যে কোন উপজেলায় বদলি করা যাবে;
- (০৮) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁদের চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁদের চাকরি নিয়ন্ত্রিত হবে;

অপর পৃষ্ঠায় দৃষ্টব্যঃ

পূর্ব পৃষ্ঠার পরঃ

- (০৯) নিয়োগপ্রাপ্ত প্রার্থী নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;
- (১০) চাকরিতে যোগদানকালে প্রার্থী যোগদান পত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে উপরে উল্লিখিত শর্তাবলীর বিষয়ে একমত পোষণপূর্বক অঙ্গীকারনামা দাখিল করবেন;
- (১১) The Government Servants (Conduct) Rules, 1979 এর বিধি ১৩ এর উপবিধি (১) অনুযায়ী সকল স্বাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় জমা দিতে হবে;
- (১২) নিয়োগপ্রাপ্ত প্রার্থী চাকরিতে যোগদানের জন্য কোন প্রকার ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না।

০২। জনস্বার্থে জারীকৃত এ নিয়োগ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বা/:

২৫/০২/২০২০ খ্রি:

সৌরেন্দ্র নাথ চক্রবর্তী

সচিব

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

নং-৫২.০০.০০০০.০০৭.১২.০৭৬ (অংশ-২).১৯-৩৬


১২ ফাল্গুন, ১৪২৬

তারিখঃ -----

২৫ ফেব্রুয়ারি, ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
- ০৪। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেট এর পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ০৫। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৭। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৮। প্রোগ্রামার, ওয়েবসাইট শাখা, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা (প্রজ্ঞাপনটি বিবিএস এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৯। জনাব
- ১০। অফিস কপি/গার্ড নথি।


২৫/০২/২০২০
সুফিয়া আক্তার রুমী
উপসচিব
☎ ৫৫০০৭০৭৫